

জেএসসিতে উত্তরপত্র সরবরাহে দণ্ডিত ১

প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)

জেএসসি পরীক্ষায় গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত বিজ্ঞান পরীক্ষার উত্তরপত্র সরবরাহের দায়ে ময়মনসিংহের ত্রিশালে ১ ব্যক্তিকে ৭ দিনের জেল প্রদান করেছে ডায়ম্যান আদালত। পরীক্ষা চলাকালীন সময়ে স্থানীয় দরিরামপুর নজরুল একাডেমী কেন্দ্রের পাশে ফটোস্টেটের দোকান মাজহার এন্টার প্রাইজের মালিক মাজহারকে উত্তরপত্র বিক্রির সময় ত্রিশাল উপজেলা সহকারী কমিশনার-(ভূমি) আব্দুল্লাহ আল মামুন হাতে নাতে ধরেন। পরে ডায়ম্যান আদালতে মাজহারকে ৭ দিনের বিনশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। সহকারী কমিশনার(ভূমি) আব্দুল্লাহ আল মামুন জানান-ফটোস্টেট করে প্রতি উত্তরপত্র ১০০/২০০ টাকা করে বিক্রির সময় মাজহারকে হাতে নাতে ধরে ডায়ম্যান আদালতের মাধ্যমে সাজা প্রদান করা হয়েছে।